# বাংলায়

## IELTS READING-এর

### ফুল কোর্স

মোঃ ফজলেরাব্বি আফসার

# লেখকের কথা

IELTS এর পূর্ণ নাম International English Language Testing System যা ইংরেজি ভাষার দক্ষতা যাচাইয়ের জন্যে পৃথিবী জুড়ে সবচেয়ে জনপ্রিয় আন্তর্জাতিক মানের একটি পরীক্ষার ব্যবস্থা। ২০১৮ সালে British Council-এর এক রিপোর্ট অনুযায়ী সারা পৃথিবী থেকে প্রতি বছর ৩৫ লক্ষ মানুষ IELTS পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করে। করোনা পরবর্তী সময়ে এই সংখ্যা বেড়েছে অনেক বেশি। ডেইলিস্টারের ২০১৩ সালের এক রিপোর্টে পাওয়া যায় বাংলাদেশ থেকে প্রায় ১৫-২০ হাজারেও অধিক পরীক্ষার্থী IELTS পরীক্ষায় অংশগ্রহণ করে। ধারণা করা হয় ২০২৩ সালে এই সংখ্যাটা ৫০ হাজারেরও বেশি।

এই পরীক্ষার প্রস্তুতির জন্য সারা বিশ্বব্যাপী গড়ে উঠেছে হাজার হাজার কোচিং সেন্টার। আমাদের দেশে ব্যক্তিগত এবং প্রাতিষ্ঠানিক ভাবে অনেকেই পড়ান। ইন্টারনেট জুড়ে রয়েছে শত শত ফ্রি এবং পেইড রিসোর্স।

কিন্তু এরপরেও IELTS নিয়ে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে রয়েছে ব্যাপক কনফিউশন এবং মিথ। কীভাবে প্রস্তুতি নিবে, কোন বই পড়বে, স্টাডি প্ল্যান কেমন হবে এই সব বিষয়ে নিয়ে চলে ব্যাপক দ্বিধা দ্বন্দ্ব। বিভিন্ন মানুষ বিভিন্ন রকমের পরামর্শ ও প্ল্যান দেয়। আর কোর্সে ভর্তি করানোর জন্য দেখানো হয় Tips and Techniques-এর লোভ।

IELTS এ ভালো স্কোর পাওয়ার জন্য কোনো সিক্রেট নেই। আপনি যদি ইংরেজি না বুঝেন তাহলে কোনো Tips আর Techniques কাজে লাগবে না। আপনি যদি ইংরেজি শুনে বা পড়ে অর্থ বুঝতে পারেন তাহলেই পারবেন।

একজন শিক্ষার্থীকে ২২,২৫০ টাকা দিয়ে IELTS পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করতে হয়। আর এর প্রস্তুতির জন্য কোচিং-এ ভর্তি, অনেকগুলো বই কেনা এরপর মকটেস্ট সহ আরও কত জায়গায় টাকা খরচ করতে হয়। বাংলাদেশের অধিকাংশ শিক্ষার্থীদের এত টাকা খরচ করা খুবই কঠিন বা সম্ভব হয়ে ওঠে না।

এই বইটি বাংলাদেশে পড়াশোনার জগতে নতুন একটি ধারার সূচনা করেছে। একটি বই আপনার অনেকগুলো প্রয়োজন পূরণ করবে। আপনাকে এখন IELTS এর প্রস্তুতি নিতে কোনো কোচিং-এ ভর্তি হতে হবে না, অনলাইনে আর কোনো কোর্স কিনতে হবে না, নতুন করে কোনো বই কিনতে হবে না সেই সাথে কোনো মক টেস্টও কিনতে হবে না।

আমাদের শূন্য থেকে IELTS প্রস্তুতি প্রোগ্রামে একজন শিক্ষার্থী শুধু একটি বই কিনেই তার IELTS প্রস্তুতির জন্য পাবে প্রিমিয়াম মানের সব রিসোর্স। ভিডিও লেকচার, লাইভ ক্লাস, রিয়েল টেস্ট, ভোকাবুলারি, প্র্যাকটিস ম্যাটেরিয়ালস, মক টেস্ট সহ সবকিছু একসাথে এক জায়গায়। আপনার উচ্চশিক্ষা কিংবা উন্নত জীবনের স্বপ্ন সত্যি করতে আমাদের এই প্রচেষ্টা।

বইয়ের সাথে ভিডিও লেকচার, লাইভ ক্লাস এবং প্র্যাকটিস ম্যাটেরিয়ালস পেতে ভিজিট করুন–

1. Go to course.bdian.org

2. Sign up (Register New)

3. Active course (বাংলায় IELTS Reading-এর ফুল কোর্স)

4. Activation Code:

**YouTube:** @IELTSBDian

**Facebook Group:** www.facebook.com/groups/02ielts/

**Facebook Page:** www.facebook.com/bdian.org

একটি দুঃখজনক বিষয় যে এখন প্রায়ই সামাজিক যোগাযোগ মাধ্যেমে দেখা যায়, যেই বইগুলোতে পাঠকের চাহিদা বেশি থাকে সেগুলো একশ্রেনীর মানুষ স্ক্যান করে পিডিএফ আকারে অল্পমূল্যে বিক্রি করে। লেখক কিংবা প্রকাশক কারওই কোনো অনুমতি নেওয়া হয় না। একটি ভালো বই লিখতে ও প্রকাশ করে পাঠক পর্যন্ত পৌঁছাতে লেখকসহ আরও অনেক মানুষের অক্লান্ত পরিশ্রম করতে হয়। বইগুলো অনেকেরই জীবিকার উৎস হয়ে থাকে । একজন লেখকের কাছে তার বই বুদ্ধিবৃত্তিক সন্তানের মতোন। কেউ যদি এই সন্তানকে চুরি করে অমর্যাদার সাথে বিক্রি করে দেয় তাহলে এটা অত্যান্ত লজ্জার এবং কষ্টের।

এই বই বা বইয়ের কোনো অংশ ফটোকপি/নকল/pdf করে বিক্রি করা ধর্মীয় এবং আইনত দন্ডনীয় অপরাধ।

**মোঃ ফজলেরাব্বি আফসার**

# সূচিপত্র


| | |
|---|---|
| **IELTS READING পরিচিতি পর্ব** | ১৪ |
| কীভাবে IELTS READING এর প্রস্তুতি নিব | ১৫ |
| IELTS Reading Passage এর নাড়ি-নক্ষত্র | ১৭ |
| IELTS Reading ব্যান্ড স্কোর টেবিল | ১৯ |
| IELTS Reading ব্যান্ড স্কোরের ব্যাখ্যাসহ বাস্তব উদাহরণ | ২০ |
| IELTS READING প্রস্তুতিতে শিক্ষার্থীরা যেসব চ্যালেঞ্জের সম্মুখীন হয়? | ২২ |
| **Skill Build-up পর্ব** | ২৪ |
| Comprehension Skill | ২৫ |
| Comprehension Skill এর জন্য মূলত কী কী জানা লাগে | ২৫ |
| কীভাবে ইংরেজি বাক্য পড়ব? | ২৫ |
| যারা ইংরেজিতে অনেক দুর্বল তাদের জন্য পড়ার পদ্ধতি | ২৬ |
| যারা ইংরেজি পড়ে অর্থ বুঝে কিন্তু পড়ার অভ্যাস কম তাদের জন্য পদ্ধতি | ২৭ |
| ইংরেজি পড়ার সেরা পদ্ধতি | ২৮ |
| Cambridge Passage – বাংলা অনুবাদ-০১ | ৩০ |
| Cambridge Passage – বাংলা অনুবাদ-০২ | ৪৭ |
| Critical Reading Skill | ৬৪ |
| IEITS Reading-এ কেন Critical Reading Skill লাগে? | ৬৫ |
| কীভাবে Critical Reading করবেন? | ৬৫ |
| Critical Reading for TRUE/FALSE/NOT GIVEN Question | ৭০ |
| Exercise | ৭৫ |
| Critical Reading for YES/NO/NOT GIVEN Question | ৭৬ |
| Exercise | ৭৯ |
| Critical Reading for MATCHING HEADING Question | ৮০ |
| Exercise | ৮৬ |

| | |
|---|---|
| Critical Reading for MULTIPLE CHOICE Question | ৮৭ |
| Exercise | ৯১ |
| Exercise Answer | ৯২ |
| Speed Reading Skill | ৯৮ |
| IELTS পরীক্ষার সময় কীভাবে Speed Reading আপনাকে সহযোগিতা করবে? | ৯৮ |
| কী কী কারণে আমাদের পড়ার গতি কম হয়? | ৯৯ |
| কীভাবে রিডিং স্পিড বাড়াবেন? | ১০১ |
| কীভাবে নিজের রিডিং স্পিড যাচাই করবেন? | ১০২ |
| ন্যাচারালি কীভাবে রিডিং স্পিড বাড়ানো যায়? | ১০৩ |
| হাতে কলমে প্র্যাকটিস | ১০৪ |
| Skimming Skill | ১১৪ |
| কীভাবে কোনো প্যাসেজে বা প্যারা Skimming করবেন? | ১১৪ |
| Skimming-এর জন্য কীভাবে প্যাসেজ পড়তে হবে? | ১১৫ |
| Exercise | ১১৬ |
| Exercise Answer | ১২০ |
| Scanning Skill | ১২১ |
| প্যাসেজে সাধারণ কোনো শব্দ খোঁজার পদ্ধতি | ১২১ |
| প্যাসেজে কোনো শব্দ যেগুলো বড় হাতের অক্ষর/ব্যক্তির নাম হয়। | ১২১ |
| প্যাসেজে সংখ্যা জাতীয় কোনো শব্দ খুঁজতে হলে। | ১২৩ |
| Exercise | ১২৬ |
| Advanced Scanning Practice | ১২৯ |
| Exercise Answer | ১৩২ |
| Keyword Selection Skill | ১৩৬ |
| কীভাবে প্রশ্ন থেকে Keyword দাগাবেন? | ১৩৬ |
| বিভিন্ন প্রশ্নের ধরন অনুযায়ী কীভাবে Keyword Selection করবেন? | ১৩৬ |
| Paraphrasing Skill | ১৪২ |

| | |
|---|---|
| প্যারাফেজিং কীভাবে করা হয়? | ১৪২ |
| Exercise | ১৪৫ |
| Exercise Answer | ১৪৬ |
| Process of Elimination (POE) Skill | ১৪৮ |
| Exercise | ১৫৩ |
| Exercise Answer | ১৫৫ |
| **IELTS Module পর্ব** | ১৫৬ |
| True False Not Given | ১৫৭ |
| TRUE/FALSE/NOT GIVEN বলতে আসলে কী বোঝায়? | ১৫৭ |
| True এবং False এর মধ্যে পার্থক্য কি? | ১৬১ |
| False এবং Not Given এর মধ্যে পার্থক্য কি? | ১৬৪ |
| TRUE/FALSE/NOT GIVEN প্রশ্নের বৈশিষ্ট্য | ১৬৪ |
| বর্জনীয় এবং করণীয় বিষয়সমূহ | ১৬৫ |
| শতভাগ নির্ভুল উত্তর করার পদ্ধতি | ১৬৬ |
| কীভাবে পরীক্ষায় উত্তর করব? | ১৭৭ |
| সাধারণত কোথায় শিক্ষার্থীরা বেশি ভুল করে? | ১৭৮ |
| Practice Exercise | ১৭৮ |
| Yes No Not Given | ১৮৪ |
| নমুনা প্রশ্ন | ১৮৪ |
| View এবং Claim এর মধ্যে পার্থক্য | ১৮৬ |
| Practice Exercise | ১৮৬ |
| IELTS রিডিং-এর সব ধরনের শূন্যস্থান পূরণ | ১৯৫ |
| ইন্সট্রাকশন বোঝা; ONE WORD ONLY থেকে NO MORE THAN THREE WORDS | ১৯৫ |
| বর্জনীয় এবং করণীয় বিষয়সমূহ | ১৯৮ |
| Note Completion | ১৯৯ |
| IELTS পরীক্ষায় আসা Note completion বলতে কী বোঝায়? | ১৯৯ |

| | |
|---|---|
| Note Completion প্রশ্নের বৈশিষ্ট্য | ২০০ |
| Table Completion | ২০১ |
| Flow Chart Completion | ২০২ |
| Diagram Completion | ২০৩ |
| শতভাগ নির্ভুল উত্তর করার পদ্ধতি | ২০৪ |
| Practice Exercise | ২০৪ |
| পরীক্ষায় কীভাবে Gap Filling প্রশ্নগুলোর উত্তর করব? | ২২০ |
| Summary Completion | ২২১ |
| নমুনা প্রশ্ন | ২২১ |
| শতভাগ নির্ভুল উত্তর করার পদ্ধতি | ২২২ |
| Practice Exercise | ২২২ |
| পরীক্ষায় কীভাবে Summary Completion প্রশ্নের উত্তর করব? | ২২৭ |
| Sentence Completion | ২২৮ |
| Short Answer | ২৩৪ |
| IELTS পরীক্ষায় আসা Short Answer বলতে কি বোঝায়? | ২৩৪ |
| Short Answer প্রশ্নের বৈশিষ্ট্য | ২৩৫ |
| শতভাগ নির্ভুল উত্তর করার পদ্ধতি | ২৩৫ |
| কীভাবে পরীক্ষায় উত্তর করব? | ২৩৭ |
| সাধারণত শিক্ষার্থীরা কোথায় বেশি ভুল করে? | ২৩৭ |
| Matching Heading | ২৩৮ |
| IELTS পরীক্ষায় আসা Heading Matching বলতে কি বোঝায়? | ২৩৮ |
| Matching Heading প্রশ্নের বৈশিষ্ট্য | ২৪০ |
| বর্জনীয় এবং করণীয় বিষয়সমূহ | ২৪০ |
| শতভাগ নির্ভুল উত্তর করার পদ্ধতি | ২৪১ |
| কীভাবে পরীক্ষায় উত্তর করব? | ২৪৯ |
| সাধারণত শিক্ষার্থীরা কোথায় বেশি ভুল করে? | ২৫০ |

| | |
|---|---|
| Practice Exercise | ২৫০ |
| Multiple Choice | ২৫৪ |
| IELTS পরীক্ষায় আসা Multiple Choice বলতে কি বোঝায়? | ২৫৪ |
| Multiple Choice প্রশ্নের বৈশিষ্ট্য | ২৫৫ |
| বর্জনীয় এবং করণীয় বিষয়সমূহ | ২৫৬ |
| শতভাগ নির্ভুল উত্তর করার পদ্ধতি | ২৫৬ |
| কীভাবে পরীক্ষায় উত্তর করব? | ২৬০ |
| সাধারণত শিক্ষার্থীরা কোথায় বেশি ভুল করে? | ২৬০ |
| Practice Exercise | ২৬১ |
| Matching Information | ২৬৯ |
| IELTS পরীক্ষায় আসা Matching Information বলতে কি বোঝায়? | ২৭০ |
| Matching Information প্রশ্নের বৈশিষ্ট্য | ২৭০ |
| Indicating Word-গুলোর ব্যাখ্যা | ২৭১ |
| বর্জনীয় এবং করণীয় বিষয়সমূহ | ২৭৩ |
| শতভাগ নির্ভুল উত্তর করার পদ্ধতি | ২৭৪ |
| কীভাবে পরীক্ষায় উত্তর করব? | ২৭৮ |
| সাধারণত শিক্ষার্থীরা কোথায় বেশি ভুল করে? | ২৭৯ |
| Practice Exercise | ২৭৯ |
| Matching Feature | ২৮৩ |
| IELTS পরীক্ষায় আসা Matching Feature বলতে কি বোঝায়? | ২৮৩ |
| বিভিন্ন ধরনের Matching feature-এর নমুনা প্রশ্ন | ২৮৩ |
| Matching Feature প্রশ্নের বৈশিষ্ট্য | ২৮৬ |
| বর্জনীয় এবং করণীয় বিষয়সমূহ | ২৮৬ |
| শতভাগ নির্ভুল উত্তর করার পদ্ধতি | ২৮৬ |
| কীভাবে পরীক্ষায় উত্তর করব? | ২৯০ |
| সাধারণত শিক্ষার্থীরা কোথায় বেশি ভুল করে? | ২৯০ |

| | |
|---|---|
| Practice Exercise | ২৯১ |
| Matching Sentence Ending | ২৯৩ |
| IELTS পরীক্ষায় আসা Matching Sentence Ending বলতে কি বোঝায়? | ২৯৩ |
| Matching Sentence Ending প্রশ্নের বৈশিষ্ট্য | ২৯৪ |
| নমুনা প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান | ২৯৫ |
| কীভাবে পরীক্ষায় উত্তর করব? | ২৯৮ |
| Practice Exercise | ২৯৮ |
| **Mock Test পর্ব** | ৩০০ |
| **Academic** | ৩০১ |
| Test 01- | ৩০১ |
| Test 02 | ৩১৩ |
| Test 03 | ৩২৫ |
| Test 04 | ৩৩৭ |
| Test 05 | ৩৪৯ |
| Answer | ৩৬২ |
| Mock Test পর্ব-GT | ৩৬৭ |
| Test 01 | ৩৬৭ |
| Test 02 | ৩৮৩ |
| Test 03 | ৩৯২ |
| Answer | ৪০৫ |
| FAQ | ৪০৮ |

# অধ্যায় - ১
# *IELTS READING পরিচিতি পর্ব*

*IELTS-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ মডিউলের প্রস্তুতি শুরু করতে যাচ্ছেন আপনি। আমাদের দেশে হাজারো শিক্ষার্থী সঠিক তথ্যের অভাবে ভুল পদ্ধতিতে প্রস্তুতি নিচ্ছে আর ব্যর্থ হচ্ছে। তাই শুরুতেই যদি Reading নিয়ে কনসেপ্ট ক্লিয়ার থাকে তাহলে কোনো রকম কনফিউশন ছাড়াই সবচেয়ে সহজে এবং আত্মবিশ্বাসের সাথে সফল ভাবে প্রস্তুতি সম্পন্ন করতে পারবেন ইনশাআল্লাহ্।*

# কীভাবে IELTS READING এর প্রস্তুতি নিব

অন্য যেকোনো Module থেকে Reading, প্রায় সব শিক্ষার্থীদের কাছে কঠিন মনে হয়। কারণ এখানে ইংরেজি বোঝার দক্ষতা সবচেয়ে বেশি যাচাই হয়। কেউ যদি ইংরেজি পড়ে অর্থ বুঝতে না পারে তাহলে সে কোনো মডিউলেই ভালো করতে পারবে না। তাই READING-কে আমরা IELTS-এর ভিত্তি বলতে পারি। যারা ইংরেজিতে দুর্বল তাদের জন্য IELTS প্রস্তুতির শুরুতে ইংরেজি পড়ে অর্থ বোঝার দক্ষতা নিশ্চিত করতে হবে।

IELTS READING এর প্রস্তুতির জন্য প্রথমে খুব ভালো করে এর খুঁটিনাটি বিষয়গুলো জানতে হবে। বিশেষ ভাবে প্যাসেজগুলো কেমন হয় আর কি কি টাইপের প্রশ্ন আসে। আমরা স্কুল বা কলেজে ইংরেজি পরীক্ষায় হয়ত এমন অনেক প্রশ্ন দেখেছি যা IELTS এর সাথে মিলবে কিন্তু IELTS ভার্সনটা একটু ভিন্ন ও কঠিন। তাই Cambridge-এর প্যাসেজ আর প্রশ্ন এবং পরীক্ষার পদ্ধতি ভালো করে জেনে নিজের অবস্থা যাচাই করতে হবে। এর জন্য নিজেকে দুইটি প্রশ্ন করতে পারেন।

(১) আমি কি Cambridge এর প্যাসেজ পড়ে অর্থ বুঝতে পারি?

(২) প্রশ্ন পড়ার পর আমি কি বুঝতে পারি প্রশ্নে কি জানতে চাওয়া হয়েছে?

যদি এই প্রশ্নগুলোর উত্তর "না" হয় তাহলে আপনি ইংরেজিতে দুর্বল। আগে আপনাকে ইংরেজি পড়ে অর্থ বোঝার দক্ষতা অর্জন করতে হবে এরপর IELTS এর জন্য প্রস্তুতি নিতে হবে। এই জন্য প্রস্তুতির শুরুতেই আপনার টার্গেট স্কোর এবং Reading মডিউলের দক্ষতাগুলো বিবেচনা করে একটি স্টাডি প্ল্যান বানাতে হবে।

যেখানে প্রথমেই থাকবে ইংরেজি পড়ে বাংলা বোঝার দক্ষতা অর্জন অর্থাৎ Reading Comprehension Skill। এর জন্য আপনি শুধুই Cambridge-এর প্যাসেজ পড়বেন অন্য কোনো রিসোর্স যেমন; ইংরেজি পত্রিকা, ব্লগ বা কোনো বই পড়া উচিত না। IELTS Reading-এ ভালো করার জন্য এই রিসোর্সগুলো তেমন কাজে আসবে না। সরাসরি Cambridge 01 থেকে প্যাসেজ ভেঙ্গে ভেঙ্গে বাংলা অর্থ করার প্র্যাকটিস করতে হবে। এভাবে প্রায় ১০ পর্যন্ত সবগুলো প্যাসেজ যদি অর্থ বুঝে বুঝে পড়তে পারেন তাহলে আপনার ইংরেজি পড়ে অর্থ বোঝা আর ভোকাবুলারির সমস্যা অনেকটাই সমাধান হয়ে যাবে।

আপনি যখন প্যাসেজ পড়ে বাংলা অর্থ বুঝতে পারবেন, এরপর প্রশ্ন পড়ে প্রশ্নের অর্থ বোঝার চেষ্টা করতে হবে। অর্থাৎ IELTS Reading-এ যেই প্রশ্নগুলো আসে এগুলোর মাধ্যমে কি উত্তর জানতে চায়, যা প্যাসেজ থেকে খুঁজে বের করতে হবে। এই দক্ষতাকে বলে Critical Reading Skill. এর জন্য Cambridge-এর যেই প্যাসেজগুলো পড়েছেন সেগুলো থেকে শুধু প্রশ্ন পড়বেন এবং বোঝার চেষ্টা করবেন প্রতিটি প্রশ্নের মাধ্যমে আপনার কাছে কি উত্তর জানতে চাচ্ছে।

Comprehension এবং Critical Reading Skill যখন আপনার অর্জন হয়ে যাবে তখন আপনি মূল IELTS প্রস্তুতি শুরু করবেন। যেখানে ভালো স্কোর করার জন্য সিক্রেট শুধু একটাই, প্রশ্নে কি জানতে চেয়েছে আর প্যাসেজে কি বলা আছে তা বুঝে তুলনা করতে পারে। তবে প্রশ্নের উত্তর প্যাসেজে দ্রুত খুঁজে পেতে কিছু স্কিলের প্রয়োজন হবে যেমন; Speed Reading, Skimming & Scanning, Keyword Selection এবং Paraphrazing Skill.

যখন আপনার এই স্কিলগুলো অর্জন হয়ে যাবে এরপর আপনি সরাসরি IELTS READING-এর প্রশ্ন সল্ভ করবেন। প্রথমে নিজেকে সময় দিয়ে যাচাই করবেন না। ১ ঘণ্টার মধ্যে সবগুলো প্রশ্নের জন্য প্র্যাকটিস করবেন না। সবচেয়ে সেরা স্ট্র্যাটেজি হলো , প্রতিটি প্রশ্নের টাইপ একটা একটা করে শেষ করা। যেমন; প্রথম সপ্তাহে True False Not Given প্রশ্ন নিয়ে বসবেন। এই প্রশ্নগুলো নিয়ে বিস্তারিত জেনে, উত্তর করার পদ্ধতি বুঝে শুধু True False Not Given প্রশ্ন সল্ভ করবেন। এ ক্ষেত্রে যদি আপনার অনেক সময় লাগে লাগুক এবং আপনার দক্ষতা যাতে এমন হয়, যেকোনো TFNG প্রশ্ন আপনি শতভাগ নির্ভুল উত্তর করতে পারেন। এরপর ধাপে ধাপে অন্যান্য সবগুলো প্রশ্নের টাইপ এভাবে সল্ভ করতে হবে।

আপনি যখন IELTS Reading-এর যেকোনো প্রশ্নের উত্তর সঠিক করতে পারবেন তারপর চেষ্টা করবেন ১ ঘণ্টায় সবগুলো প্রশ্নের উত্তর করতে। তখন Speed Reading-সহ বিভিন্ন টিপস আর টেকনিকস ফলো করতে পারেন। কেউ যদি ইংরেজিতে দুর্বল হয় তাহলে তার জন্য সবচেয়ে সহজে এবং আত্মবিশ্বাসের সাথে IELTS READING-এ শূন্য থেকে ব্যান্ড স্কোর ৯ পাওয়ার পদ্ধতি হলো এটা। একটা বিষয় ভালো করে মাথায় নেন, ইংরেজি পড়ে অর্থ বুঝতা না পারলে কোনো টিপস টেকনিক্স হেক্স নিনজা টেকনিক কাজে আসবে না।

আমি একজন গবেষক, দীর্ঘ দিন IELTS নিয়ে গবেষণা করেছি, অনেক স্টুডেন্ট পড়িয়েছি এবং তাদের উপর পরীক্ষা নিরীক্ষা করেছি। হাজারও ইংরেজিতে দুর্বল কিংবা যাদের বেসিক ভালো এমন শিক্ষার্থী এই স্ট্রেটেজিতে অনেক ভালো স্কোর করেছে। আপনিও ইংশাআল্লাহ ভালো করবেন।

এই বইটি লেখার আগে আমি 02IELTS প্রজেক্টের গবেষণা শেষ করেছি। এরপর বই লিখেছি এবং বইটিতে প্রথম অধ্যায়েই IELTS READING-এর খুঁটিনাটি সব কিছু দেওয়া হয়েছে। এরপর ইংরেজি পড়ে বাংলা অর্থ বোঝার জন্য Cambrige এর প্যাসেজ ভেঙ্গে ভেঙ্গে বাংলা অর্থ ও সবলিল অনুবাদসহ ভোকাবুলারি দেওয়া হয়েছে। তারপর Critical Reading Skill সহ অন্যান্য স্কিল নিয়ে তথ্য দেওয়া হয়েছে। এভাবে Skill Build-Up পর্ব শেষ করে IELTS Module পর্ব দেওয়া হয়েছে। যেখানে প্রতিটি প্রশ্নের মাধ্যমে কি কি স্কিল যাচাই করে, নমুনা প্রশ্ন ও বৈশিষ্ট্য, করণীয় এবং বর্জনীয় কাজ, শতভাগ নির্ভুল উত্তর করার পদ্ধতি ও বাংলায় ব্যাখ্যাসহ প্রশ্নের সমাধান, পরীক্ষায় কীভাবে উত্তর করব এবং সাধারণ শিক্ষার্থীরা কোথায় ভুল করে এমন সব কিছু দেওয়া হয়েছে।

সবশেষে পাবেন মকটেস্ট যার মাধ্যমে নিজেকে পরীক্ষার জন্য প্রস্তুত করতে পারবেন। এছাড়া কোর্সে রয়েছে Skill Build-up Quiz, Cambridge 01 থেকে 18 এর বাংলা অনুবাদসহ Unlimited Mock Test. শূন্য থেকে IELTS প্রস্তুতি নিতে যা যা প্রয়োজন সবকিছু রয়েছে এই বইটির সাথে।

## IELTS READING এর নাড়ি-নক্ষত্র

একজন পরীক্ষার্থীর ইংরেজি পড়তে পারা এবং বোঝার দক্ষতা যাচাই করার জন্য Reading Module এর টেস্ট ডিজাইন করা হয়। IELTS এ দুই ধরনের টেস্ট আছে; Academic এবং General Training. Reading-এ প্যাসেজগুলোতে যে তথ্য দেওয়া থাকে তা মূলত বিভিন্ন জার্নাল, বই, পত্রিকা এবং ম্যাগাজিন থেকে নেওয়া হয়। যে টপিকগুলো এখানে আসে তার জন্য কোনো নির্দিষ্ট সিলেবাস নেই। Academic এবং General Training এর Reading Module-এ পার্থ্যক্য শুধু প্যাসেজের মধ্যে এছাড়া প্রশ্নের ধরন একই। এখানে তিনটি প্যাসেজ/সেকশনে মোট ৪০টি প্রশ্ন থাকে, প্রতিটি প্রশ্নের মান ১। ভুল উত্তর দেওয়ার জন্য কোনো নেগেটিভ মার্কিং নেই। সময় দেওয়া হয় ১ ঘণ্টা। উত্তরপত্রে প্রশ্নের উত্তর তোলার জন্য Listening Module এর মতো আলাদা করে কোনো সময় দেওয়া হয় না। Paper-Based এক্সাম দিলে নির্ধারিত সময়ের পর খাতা নিয়ে নেবে আর Computer Based হলে সময় শেষ হওয়ার সাথে সাথে স্ক্রিন লক হয়ে যায় আর কোনো উত্তর করা বা পরিবর্তন করা যায় না।

IELTS Reading Test-এ সবমিলিয়ে প্রায় ১১ রকমের প্রশ্ন আসে। সবমিলিয়ে হিসাব করলে ১৪ রকমের হয়।

Question Type 1 – Multiple choice

Question Type 2 – Identifying information (True/False/Not given)

Question Type 3 – Identifying writer's views/claims (Yes/No/Not given)

Question Type 4 – Matching information

Question Type 5 – Matching headings

Question Type 6 – Matching features

Question Type 7 – Matching sentence endings

Question Type 8 – Sentence completion

Question Type 9 – Summary/note/table/flow chart completion

Question Type 10 – Diagram label completion

Question Type 11 – Short-answer questions

# IELTS READING প্রস্তুতিতে শিক্ষার্থীরা যেসব চ্যালেঞ্জের সম্মুখীন হয়?

**১। Cambridge এর প্যাসেজ পড়ে ভালো ভাবে অর্থ বুঝতে না পারা।**

আমাদের দেশে যেসব শিক্ষার্থীরা IELTS প্রস্তুতি নেয় এর মধ্যে সবচেয়ে বেশি সংখ্যক এই সমস্যার সম্মুখীন হয়। ইংরেজি পড়ে অর্থ বুঝি না। অনেকে হয়ত বাংলাদেশের বিভিন্ন ইংরেজি পত্রিকা বা গল্পের বই পড়ে অনেকটা অর্থ বুঝতে পারে কিন্তু IELTS পরীক্ষায় আসা প্যাসেজ পড়ে তেমন অর্থ বুঝতে পারে না। শুধু মাত্র এই দুর্বলতার কারণে হাজার হাজার শিক্ষার্থী IELTS পরীক্ষায় ভালো করতে পারে না।

**২। Reading Habit না থাকা।**

আমাদের প্রায় অধিকাংশেরই দৈনন্দিন জীবনে ইংরেজিতে কোনো বই বা কন্টেন্ট তেমন একটা পড়া হয় না। কিন্তু যাদের একাডেমিক পড়াশুনা ইংরেজিতে বা চাকুরি কিংবা ব্যবসার কাজে বা পড়ানোর জন্য হলেও ইংরেজির সাথে থাকতে হয় তাদের কথাটা ভিন্ন। বাংলার মতো ইংরেজিতে নিয়মিত না পড়া হওয়ার কারণে অনেকেরই IELTS প্রস্তুতির সময় নিজেকে ইংরেজিতে দুর্বল মনে হয়। তিনটি প্যাসেজ পড়ার মতো ধৈর্য থাকে না আর ফোকাস

**৩। পর্যাপ্ত ভোকাবুলারি না জানা বা কম জানা।**

স্কুল জীবন থেকে কলেজ পেরিয়ে বিশ্ববিদ্যালয় শেষ করার পরও আমাদের ভোকাবুলারির ভাণ্ডারে খুব বেশি শব্দ মজুদ থাকে না। এর বড় কারণ হলো, আমাদের কাজ চালিয়ে নেয়ার জন্য যতটুকু ভোকাবুলারি লাগে এর বেশি আর আমরা শিখি না অথবা দরকার হয় না। অনেকের অনার্স এবং মাস্টার্সে পড়ার মাধ্যম ইংরেজি হওয়ার পরও তার বিষয়ের বাইরে তেমন ভোকাবুলারি জানা থাকে না। এইজন্য আমাদের জানার গণ্ডির বাহিরে কোনো শব্দ আসলে আমরা তার অর্থ বুঝি না। ফলে প্রায়ই রিডিং প্যাসেজ আমাদের কাছে অনেক কঠিন মনে হয় আবার শুনেও অর্থ ধরতে পারি না। তাই সঠিক উত্তর বাছাই করা সম্ভব হয়না।

**৪। জটিল এবং বড় বড় বাক্যের অর্থ বুঝতে না পড়া।**

এই সমস্যাটা আমাদের প্রায় অনেকেরই আছে। একটি বাক্য যদি একটু বড় হয় বা জটিল হয় অর্থাৎ কয়েকটি Clause যদি সাথে থাকে তাহলে ঐ বাক্যের অর্থ বুঝতে পারি না। আবার বাক্যের অর্থ কিছুটা ধরতে পারলেও, বাক্যের মাঝে কোনো শব্দের অর্থ না জানার কারণে পুরো বাক্যে লেখক কি বুঝিয়েছেন তা আর বোঝা সম্ভব হয় না। IELTS পরীক্ষায় রিডিং প্যাসেজের মধ্যে যখন বড় বড় বাক্য থাকে আর সাথে অজানা ভোকাবুলারি তখন মাথা কেমন যেন আর কাজ করতে চায় না। অনেকের হতাশার একটা বড় কারণ হলো বড় বড় জটিল বাক্য।

**৫। Reading Speed কম থাকা।**

গতানুগতিক যে পরীক্ষাগুলো আমরা দিয়ে পড়াশুনা শেষ করি সেখানে এমন সময়ের সীমাবদ্ধতা খুব কমই থাকে। আর সচরাচর পরীক্ষার প্রশ্ন কমন পরে তাই সময় কম হলেও সবগুলো প্রশ্নের উত্তর করা

হয়। কিন্তু IELTS পরীক্ষায় Reading মডিউলে ১ ঘণ্টায় তিনটি প্যাসেজে পড়ে ৪০ টি প্রশ্নের উত্তর করতে হয়। কোনো প্যাসেজে আগে থেকে পড়া থাকে না বা কমন পরে না অর্থাৎ জীবনে প্রথম বার এমন প্রশ্ন আর প্যাসেজে পড়া হয়। তাই যাদের পড়ার Speed কম তার নির্ধারিত সময় সবগুলো প্রশ্নের উত্তর করতে পার না।

**৬। বিভিন্ন টিপস নিনজা টেকনিক্স আর হেক্সের খপ্পরে পরা।**

ইংরেজি পড়ে অর্থ বুঝতে যেহেতু একটু সময় দিয়ে মেহনত করতে হয়। অনেকেই এই পরিশ্রমটুকু করতে চায় না। ফলে বিভিন্ন শর্টকাট মেথড খুঁজে আর বিভিন্ন টেকনিকের পিছনে সময় বেশি ব্যয় করে। এতে কিছু প্রশ্নের উত্তর সঠিক করা যায় কিন্তু অধিকাংশই কাঙ্ক্ষিত স্কোর করার জন্য যতগুলো প্রশ্নের উত্তর সঠিক করতে হয় তা পারে না। এই সমস্যাটা এখন ব্যাপক আকারে দেখা যাচ্ছে আর IELTS failure এর সংখ্যা বাড়তেছে।

**৭। প্রশ্ন কি জানতে চেয়েছে তা সঠিক ভাবে বুঝতে না পারা।**

অনেকে শিক্ষার্থী IELTS Reading-এ আসা প্রশ্নেই ঠিক মতো বুঝতে পারে না। ফলে আন্দাজে পরীক্ষায় দাগিয়ে দিয়ে আসে। অথচ যদি প্রশ্নের অর্থ বোঝা যেত বা প্রশ্নে কী জানতে চেয়েছে তা বুঝতে পারত তাহলে ঐ প্রশ্নের উত্তর সে পারত।



# About the Author

**Md. Fozle Rabbi Afsar is an Entrepreneur, Researcher, Author and IELTS Specialist. He studied Chemistry at Jagannath University and Psychology at International Open University. He has participated in numerous training programs offered by globally renowned educational institutions, including specialized mind training at Sabit International.**

**He is one of the pioneers in introducing the concept of research society in universities as an extracurricular activity to promote research and higher studies abroad. He is the founding president of the Youth Society for Research and Action (YSRA), the country's first non-profit, registered, youth-based research organization dedicated to promote research and higher studies abroad.**

**He developed the renowned research training program "গবেষণার বুনিয়াদি প্রশিক্ষণ" and has taught more than 10,000 students. He is the author of the best-selling IELTS exam preparation book series in Bangla, "শূন্য থেকে IELTS প্রস্তুতি", which aims to make IELTS preparation easy and affordable for everyone in Bangladesh. He has assisted numerous students in studying abroad by providing mentorship, guidelines and information.**

**He also served as a Research Secretary for Human Aid and Trust International, a registered human right organization. To empower every citizen of his country, he launched a new startup named BDian, with the tagline 'Learn & Share'.**